# দশম অধ্যায়: ব্যবসায় উদ্যোগ উন্নয়নে সহায়ক সেবা

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶১** রাশেদা একজন গ্রামীণ বিত্তহীন গৃহিণী। তার অবস্থা পরিবর্তনের জন্য তিনি ক্ষুদ্রঋণ নিতে উদ্বুদ্ধ হন এবং সর্ববৃহৎ এনজিও থেকে ঋণ নিয়ে তার দরিদ্র অবস্থা নিরসনে সক্ষম হন। ◀ *শিখনফল-৪*

ক. বিডিবিএল কখন প্রতিষ্ঠিত হয়? ১

খ. যুব উন্নয়ন অধিদপ্তর-এর কাজগুলো কী কী? ব্যাখ্যা করো। ২

গ. রাশেদা কোন প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. রাশেদার মতো মহিলাদের দারিদ্র্য বিমোচন ও ক্ষমতায়নে প্রতিষ্ঠানটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** বিডিবিএল ৩ জানুয়ারি ২০১০ সালে প্রতিষ্ঠিত হয়।

**খ** যুব উন্নয়ন অধিদপ্তরের কাজ হচ্ছে শিক্ষিত ও স্বল্পশিক্ষিত যুবকদের ক্ষুদ্র ব্যবসায়, কৃষি খামার, মৌমাছি পালন, গবাদি পশু পালন প্রভৃতি ক্ষেত্রে প্রশিক্ষণ দেওয়া।

এটি যুব ও ক্রিরা মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হয়। এটি যুবক ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করতে সহায়তা করে থাকে। এ সহায়তা হলো প্রশিক্ষণ, ঋণ সহায়তা, পরামর্শ প্রভৃতি। এগুলোর মাধ্যমে যুবক ও যুব মহিলারা তাদের দক্ষতা বাড়ানোর মাধ্যমে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে পারে।

**গ** রাশেদা বেসরকারি উন্নয়ন সংস্থা 'ব্র্যাক' থেকে ঋণ নিয়েছেন।

এ সংস্থাটি প্রথমে ত্রাণ ও পুনর্বাসন কাজ নিয়ে যাত্রা শুরু করে। বর্তমানে এটি দরিদ্র জনগণের অবস্থা উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে। সংস্থাটি বিভিন্ন কর্মসূচির (ক্ষুদ্র শিল্প উন্নয়ন কার্যক্রম, উৎপাদন কেন্দ্র উন্নয়ন) মাধ্যমে নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি করছে। এক্ষেত্রে ক্ষুদ্রঋণ কর্মসূচির মাধ্যমে তাদের কর্মসংস্থানের উদ্যোগ নিতে সাহায্য করে।

উদ্দীপকের রাশেদা একজন গ্রামীণ বিত্তহীন গৃহিণী। তার অবস্থা পরিবর্তনের জন্য তিনি ক্ষুদ্রঋণ নেওয়ায় আগ্রহী হন। তাই বিশ্বের সর্ববৃহৎ এনজিও থেকে ঋণ নেন। এ সংস্থাটি ক্ষুদ্র শিল্প উন্নয়ন কাজে (কাপড় বুনন, হাঁস-মুরগি পালন, আসবাবপত্র তৈরি, তেল উৎপাদন প্রভৃতি) প্রশিক্ষণ ও ঋণ দিয়ে থাকে। ফলে গ্রামীণ জনগণ সুবিধামতো ঋণ নিয়ে তা যেকোনো ক্ষেত্রে বিনিয়োগ করতে পারে। এ ধরনের কর্মসূচির সাথে ব্র্যাক-এর কাজের মিল আছে। সুতরাং, রাশেদা 'ব্র্যাক' থেকেই ক্ষুদ্রঋণ নিয়ে তার অর্থনৈতিক অবস্থার উন্নয়ন করেছেন।

**ঘ** রাশেদার মতো মহিলাদের দারিদ্র্য বিমোচন ও ক্ষমতায়নে 'ব্র্যাক'-এর ভূমিকা অপরিসীম।

ব্র্যাক পৃথিবীর সর্ববৃহৎ বেসরকারি উন্নয়ন সংস্থা। বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নেও সংস্থাটি অসামান্য অবদান রাখছে। এটি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীকে অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে এগিয়ে নিয়ে যাচ্ছে।

উদ্দীপকের রাশেদা একজন গ্রামীণ বিত্তহীন গৃহিণী। আর্থিক অবস্থার উন্নয়নের জন্য তার ক্ষুদ্রঋণ নেওয়ার প্রয়োজন হয়। এক্ষেত্রে 'ব্র্যাক' সংস্থাটি তাকে ঋণ দিয়ে সাহায্য করেছে। ১৯৭২ সালে ব্র্যাক ত্রাণ ও পুনর্বাসন কাজ নিয়ে যাত্রা শুরু করে। বর্তমানে দারিদ্র্য বিমোচন ও নারীর ক্ষমতায়নের লক্ষ্য নিয়ে এটি কাজ করে যাচ্ছে। বিভিন্ন ক্ষুদ্র শিল্পের (কাপড় বুনন, হাঁস-মুরগি পালন, বাঁশ ও বেতের সামগ্রী তৈরি প্রভৃতি) উন্নয়নে সংস্থাটি প্রশিক্ষণ ও ঋণ দিয়ে থাকে।

রাশেদার মতো মহিলারা সংস্থাটির এ সাহায্য কাজে লাগিয়ে নিজেদের আর্থিক অবস্থার পরিবর্তন করতে পারছেন। এতে দেশের শিল্প উন্নয়নেও তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। আবার, তারা আর্থ-সামাজিক বিষয়ে নিজেদের মতামত তুলে ধরছেন। এভাবে তারা সমাজে নিজেদের অবস্থা তৈরি করছেন। ফলে তাদের ক্ষমতায়ন সুনিশ্চিত হচ্ছে। ব্র্যাক এভাবে নারীর নিজের অবস্থার উন্নয়নে ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কাজ করছে। অতএব, দারিদ্র্য বিমোচন ও নারীর ক্ষমতায়নে ব্র্যাক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

**প্রশ্ন ▶২** জনাব নাবিল একটি বিস্কুটের কারখানা স্থাপনের চিন্তা করলেন। কিন্তু কাজটি ঝুঁকিপূর্ণ হওয়ায় তিনি তার বন্ধুদের সাথে এ ব্যাপারে আলাপ করেন। বন্ধুরা তাকে সব প্রকার সহায়তার আশ্বাস দেন। পরবর্তীতে পুঁজি বাড়ানোর জন্য তিনি ব্যাংক থেকে ঋণ নেওয়ার চিন্তা করলেন। ◀ *শিখনফল-১ ও ৩*

ক. বিপণনের অন্যতম কাজ কী? ১

খ. ভোক্তা বিশ্লেষণ করা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব নাবিলকে তার বন্ধুরা কোন ধরনের সহায়তার কথা বলেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব নাবিল কোন ব্যাংক থেকে ঋণ নিলে সফলতা অর্জন করবেন বলে তুমি মনে করো। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** ক্রয় বিপণনের অন্যতম কাজ।

**খ** ভোক্তার চাহিদা, রুচি এবং পণ্য সম্পর্কিত তথ্য জানার জন্য ভোক্তা বিশ্লেষণ করা হয়।

বিপণনের সব কাজ আবর্তিত হয় ভোক্তাকে কেন্দ্র করে। এক্ষেত্রে ভোক্তার চাহিদাকেই প্রাধান্য দেওয়া হয়। ভোক্তা বিশ্লেষণের মাধ্যমে বিপণনকারী ভোক্তার মনোভাব জানতে পারেন। এতে বিপণন কাজ করা সহজ হয়। এজন্যই ভোক্তা বিশ্লেষণ করা হয়।

**গ** জনাব নাবিলকে তার বন্ধুরা উদ্দীপনামূলক সহায়তার কথা বলেছেন।

শিল্প বা ব্যবসায় স্থাপনে ঝুঁকি থাকায় উদ্যোক্তারা সহজে এগিয়ে আসতে চায় না। তাই এক্ষেত্রে তাদের অনুপ্রেরণা দিতে উদ্দীপনামূলক

সহায়তার প্রয়োজন হয়। এতে সম্ভাবনাময় উদ্যোক্তারা ব্যবসায় গঠনের অনুপ্রেরণা পায়। ব্যবসায় উদ্যোগ বিষয়ে প্রশিক্ষণ, আর্থিক সহায়তা প্রভৃতি এ ধরনের সহায়তা।

উদ্দীপকের জনাব নাবিল একটি বিস্কুটের কারখানা স্থাপনের চিন্তা করেন। কিন্তু কাজটি ঝুঁকিপূর্ণ হওয়ায় তিনি বন্ধুদের সাথে এ ব্যাপারে আলোচনা করেন। এতে বন্ধুরা তাকে সব ধরনের সহায়তার আশ্বাস দেন। এর মাধ্যমে তিনি ব্যবসায় স্থাপনে আগ্রহী হন। এ আশ্বাস ছাড়া তিনি ব্যবসায় গঠনে অনুপ্রাণিত হতেন না। বন্ধুদের এ ধরনের সহায়তার সাথে উদ্দীপনামূলক সহায়তার মিল আছে। সুতরাং, জনাব নাবিল তার বন্ধুদের কাছ থেকে উদ্দীপনামূলক সহায়তা পেয়েছেন।

**ঘ** জনাব নাবিল বিডিবিএল থেকে ঋণ নিলে ব্যবসায়ে সফলতা অর্জন করবে বলে আমি মনে করি।

বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা ও বাংলাদেশ শিল্প ব্যাংক একত্র হয়ে ২০১০ সালে বিডিবিএল (বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড)। গঠিত হয়। এটি সরকারি ও বেসরকারি শিল্পে আর্থিক ও কারিগরি সহায়তা দেয়। এ ব্যাংক দ্রুত শিল্পায়নের জন্য শিল্পের আধুনিকীকরণ, যন্ত্রপাতি পরিবর্তন ও প্রসারে উদ্যোক্তাদের ঋণ সহায়তা দিয়ে থাকে।

উদ্দীপকের জনাব নাবিল একটি বিস্কুটের কারখানা স্থাপনের চিন্তা করেন। ঝুঁকিপূর্ণ হওয়ায় তিনি ব্যবসায়টি অর্থসংস্থান ও পরিচালনার বিষয়ে চিন্তিত ছিলেন। এ ব্যাপারে বন্ধুদের সাথে আলোচনা করে ব্যবসায় স্থাপনে আগ্রহী হন। পরবর্তীতে অর্থসংস্থানের জন্য একটি ব্যাংক থেকে ঋণ নেওয়ার চিন্তা করেন।

নতুন শিল্প কারখানা স্থাপনে বিডিবিএল অন্যতম সাহায্যকারী ব্যাংক। এটি নতুন উদ্যোক্তাদের শিল্প স্থাপন ও প্রসারে সহজ শর্তে ঋণ দেয়। এছাড়া কারিগরি পরামর্শও দিয়ে থাকে। এ ব্যাংকটি দ্রুত শিল্পায়নের জন্য এ সাহায্যগুলো করে থাকে। জনাব নাবিল তার নতুন শিল্প স্থাপনে এ ব্যাংকটি থেকেই বেশি সহায়তা পেতে পারেন। অতএব, জনাব নাবিলের ব্যবসায় সফলতা অর্জনে বিডিবিএল থেকে ঋণ নেওয়া যুক্তিযুক্ত হবে।

**প্রশ্ন ▶৩** জনাব মুমিন সরকার ঘোষিত জাতীয় শিল্পনীতি ২০১০-এ উল্লিখিত কর অবকাশ ও অন্যান্য সুযোগ-সুবিধা পাওয়াতে ২০১৫ সালে সিলেটে বাঁশ ও বেত দিয়ে বিভিন্ন ধরনের গৃহস্থালি সামগ্রী তৈরির একটি প্রকল্প হাতে নেন। কর অবকাশ ও অন্যান্য সুবিধা পাওয়াতে তার ব্যবসায়ে দিন দিন উন্নয়ন হতে থাকে। ◀ *শিখনফল-১ ও ৫*

ক. ব্র্যাক কী? ১

খ. সমর্থনমূলক সুবিধা ব্যবসায়ে কতটা গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মুমিনের সফলতার কারণ বিশ্লেষণ করো। ৩

ঘ. 'শিল্পনীতি উদ্যোক্তাদের আকৃষ্ট ও উদ্বুদ্ধ করে'—উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** ব্র্যাক পৃথিবীর সর্ববৃহৎ বেসরকারি উন্নয়ন সংস্থা।

*সহায়ক তথ্য*

(BRAC)-এর পূর্ণরূপ হলো: Bangladesh Rural Advancement Committee.

**খ** একজন উদ্যোক্তা ব্যবসায় গঠনে আগ্রহী হওয়ার পর বাস্তবে তা রূপান্তরের জন্য যে ধরনের সহায়তার প্রয়োজন হয় তাকে সমর্থনমূলক সহায়তা বলে।

ব্যবসায় প্রতিষ্ঠান গঠন করতে সমর্থনমূলক সহায়তার প্রয়োজন হয়। এ ধরনের সহায়তার মধ্যে আছে ব্যবসায় নিবন্ধন, মূলধন সহায়তা, যন্ত্রপাতি সংগ্রহ, কর অবকাশ প্রভৃতি। এসব সহায়তা পেলে উদ্যোক্তা তার ব্যবসায় স্থাপনের স্বপ্নকে বাস্তবে রূপ দিতে সক্ষম হন।

**গ** জনাব মুমিনের ব্যবসায় স্থাপনে সমর্থনমূলক সহায়তা প্রাপ্তি তার সফলতার মূল কারণ বলে আমি মনে করি।

উদ্যোক্তার ব্যবসায় স্থাপন ও পরিচালনায় এ ধরনের সহায়তা প্রয়োজন হয়। ব্যবসায় নিবন্ধন, কর অবকাশ, মূলধন সরবরাহ প্রভৃতি সমর্থনমূলক সহায়তার অন্তর্ভুক্ত। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা, বেসিক ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক প্রভৃতি এ সহায়তার উৎস।

উদ্দীপকের জনাব মুমিন সরকার ঘোষিত জাতীয় শিল্পনীতি ২০১০-এ উল্লিখিত কর অবকাশ ও অন্যান্য সুবিধার কথা জানতে পারেন। এ সুবিধা পেয়ে তিনি ২০১৫ সালে সিলেটে বাঁশ ও বেত দিয়ে বিভিন্ন ধরনের গৃহস্থালি সামগ্রী তৈরির একটি প্রকল্প হাতে নেন। ধীরে ধীরে তার ব্যবসায়ের উন্নয়ন হতে থাকে।

জনাব মুমিন প্রয়োজনীয় সহায়তার কথা জেনেই ব্যবসায়টি সিলেটে স্থাপন করেছেন। সিলেটে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানগুলো সাত বছরের কর অবকাশ পায়। এছাড়া জনাব মুমিন হস্ত শিল্প স্থাপন করায় বিশেষ সুবিধা পেয়েছে। এ সুবিধাগুলো পাওয়ায় তার ব্যবসায়ের মুনাফা বেড়েছে। সুতরাং, সমর্থনমূলক সহায়তাই জনাব মুমিনের সফলতার কারণ।

**ঘ** 'শিল্পনীতি উদ্যোক্তাদের আকৃষ্ট ও উদ্বুদ্ধ করে'— উক্তিটি যথার্থ।

সরকার দেশের শিল্পের উন্নয়ন ও নিয়ন্ত্রণের জন্য শিল্পনীতি তৈরি করে। এতে শিল্প স্থাপনে সরকারের পক্ষ থেকে উদ্যোক্তাকে দেওয়া সহায়তাগুলো উল্লেখ থাকে। এগুলোর ব্যাপারে জেনেই উদ্যোক্তা শিল্প স্থাপনে আগ্রহী হয়।

উদ্দীপকের জনাব মুমিন জাতীয় শিল্পনীতি- ২০১০-এর কর অবকাশ ও অন্যান্য সুযোগ-সুবিধা সম্পর্কে জানতে পারেন। তাই ২০১৫ সালে এ সুবিধা নিয়ে সিলেটে বাঁশ ও বেতের বিভিন্ন ধরনের গৃহস্থালি সামগ্রী তৈরির কাজ শুরু করেন। বিভিন্ন সুবিধা পাওয়াতে তার ব্যবসায়ে দিন দিন উন্নয়ন হতে থাকে।

জনাব মুমিন তার ব্যবসায় স্থাপনে দেশের শিল্পনীতির সহায়তা কাজে লাগিয়েছেন। তার ব্যবসায়টি সিলেটে স্থাপিত হওয়ায় তিনি প্রথম তিন বছর ১০০% কর অবকাশ পাবেন। পরবর্তী তিন বছর ৫০% ও শেষ বছর ২৫% অবকাশ পাবেন। আবার তার ব্যবসায়টি বাঁশ ও বেতের শিল্প হওয়ায় তিনি বিশেষ সুবিধা পেতে পারবেন। সরকার শিল্পনীতির মাধ্যমেই উদ্যোক্তাদের এ সহায়তাগুলোর কথা জানিয়েছেন। এর মাধ্যমে জনাব মুমিনের মতো আরও উদ্যোক্তাকে শিল্প স্থাপনে উৎসাহিত করা সম্ভব। অতএব, শিল্প স্থাপনে উদ্যোক্তাদের আকৃষ্ট ও উদ্বুদ্ধ করতে শিল্পনীতির ভূমিকা গুরুত্বপূর্ণ।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶৪** মি. করিম একটি প্লাস্টিক শিল্প কারখানা স্থাপনের জন্য সরকারি সাহায্য সংস্থার কাছে গেলেও বারবার হতাশ হয়েছেন। অবশেষে বেসরকারি সাহায্য সংস্থা ব্র্যাক, মাইডাস-এর কাছে যান। মাইডাসের সহযোগিতায় তিনি তার উদ্যোগ বাস্তবায়ন করেন।

◀ *শিখনফল-৪ [সৃষ্টি একাডেমিক স্কুল, টাঙ্গাইল]*

ক. MIDAS-এর পূর্ণ রূপ কী? ১

খ. এনজিও কী তা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে MIDAS-এর ভূমিকা উল্লেখ করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বেসরকারি সাহায্য সংস্থার অবদান মূল্যায়ন করো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** MIDAS-এর পূর্ণরূপ হলো Micro Industries Development Assistance Services.

*সহায়ক তথ্য*

MIDAS হলো ক্ষুদ্র ও মাঝারি শিল্পে সহায়তাকারী একটি বেসরকারি উন্নয়ন সংস্থা।

**খ** এনজিও হচ্ছে বেসরকারি সংস্থা (Non Government Organization)। বেসরকারি সংস্থাগুলো উদ্যোক্তাদের ব্যবসায় স্থাপনে উদ্বুদ্ধ করে। এ সংস্থাগুলো উদ্যোক্তাদের প্রেরণামূলক সহায়তা, পরামর্শ ও ঋণ সহায়তা দিয়ে থাকে। উদ্যোক্তারা দেশি-বিদেশি এনজিওর মাধ্যমে এসব সুবিধা পেয়ে থাকে। ব্র্যাক, মাইডাস, গ্রামীণ ব্যাংক, আশা প্রভৃতি বাংলাদেশের এনজিও।

*সুপার টিপস: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** শিল্প স্থাপনে MIDAS-এর ভূমিকা লেখো।

**ঘ** অর্থনৈতিক উন্নয়নে ব্র্যাক, প্রশিকা প্রভৃতির ভূমিকা বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶৫** মিসেস তানিয়া যুব উন্নয়ন অধিদপ্তর থেকে সেলাইয়ের ওপর প্রশিক্ষণ নেন। এরপর ঋণ পেয়ে নিজের বাসায় তিনটি মেশিনের সাহায্যে বিভিন্ন ধরনের পোশাক তৈরি শুরু করেন। অল্প সময়ের মধ্যে তিনি ব্যবসায়ে সফলতা পেয়ে যান। ব্যবসায় সম্প্রসারণের প্রত্যাশায় তিনি একটি বেসরকারি আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করেছেন।

◀ *শিখনফল-১ ও ৪*

ক. SME কে কী নামে অভিহিত করা হয়? ১

খ. প্রমিতকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মিসেস তানিয়া যুব উন্নয়ন অধিদপ্তর থেকে কোন ধরনের সহায়তা পেয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বেসরকারি আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে মিসেস তানিয়া কি ব্যবসায় সম্প্রসারণ করতে পারবেন? মতামত দাও। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** SME-কে "Employment Generating Machine" নামে অভিহিত করা হয়।

**খ** পণ্যের গুণাগুণ, আকার, রং, স্বাদ প্রভৃতির ওপর ভিত্তি করে পণ্যমান স্থির করাকে প্রমিতকরণ বলে।

প্রমিতকরণের ফলে সহজেই পণ্যের মূল্য স্থির করা যায়। এতে পণ্যের বিপণন প্রক্রিয়া সহজ হয় এবং বিক্রয় কাজের গতিশীলতা বাড়ে।

*সুপার টিপস: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** উদ্দীপনামূলক সহায়তার বৈশিষ্ট্য ব্যাখ্যা করো।

**ঘ** ব্যবসায় সম্প্রসারণে বেসরকারি প্রতিষ্ঠানের গুরুত্ব আলোচনা করো।

**প্রশ্ন ▶৬** জনাব হায়দার খুলনা বিসিক এলাকায় একটি লবণ তৈরির কারখানা স্থাপনের চিন্তা করছেন। তিনি প্রতিষ্ঠানটি নিবন্ধন করতে চাচ্ছেন। উন্নতমানের লবণ তৈরির জন্য কোন ধরনের মেশিন নির্বাচন করবেন এবং অর্থ কোন উৎস থেকে আসবে, এসব বিষয়ে তিনি সহায়তা আশা করছেন।

◀ *শিখনফল-৫*

ক. BITAC-এর পূর্ণরূপ কী? ১

খ. কর অবকাশ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব হায়দার কত বছর কর অবকাশ পাবেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকে জনাব হায়দারের কারখানা স্থাপনে উপযুক্ত সহায়তা প্রয়োজন'— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** BITAC-এর পূর্ণরূপ হলো Bangladesh Industrial Technical Assistance Centre.

*সহায়ক তথ্য*

দেশের শিল্প ক্ষেত্রে উৎপাদনশীলতা বাড়ানোর লক্ষ্যে BITAC প্রতিষ্ঠিত হয়।

**খ** কর অবকাশ সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের জন্য কর মওকুফ করা। সরকার অনেক সময় কোনো বিশেষ শিল্পের উন্নয়নের জন্য অথবা কোনো এলাকার শিল্পায়নকে ত্বরান্বিত করার জন্য কর অবকাশ ঘোষণা করে। শিল্প বা ঐ এলাকায় স্থাপিত শিল্পে অর্জিত মুনাফার ওপর সম্পূর্ণ বা নির্দিষ্ট হারে নির্দিষ্ট মেয়াদের জন্য কর মওকুফ করা হয়। কর মওকুফ করে দেওয়ার এ ব্যবস্থাকেই কর অবকাশ বলে। কর অবকাশের ফলে শিল্পের সম্প্রসারণ ঘটে।

*সুপার টিপস: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** কর অবকাশের সময়সীমা নিয়ে আলোচনা করো।

**ঘ** কারখানা স্থাপনে সহায়তার গুরুত্ব বিশ্লেষণ করো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. সমর্থনমূলক সহায়তা নয় কোনটি?**
K শিল্প প্রতিষ্ঠান নিবন্ধীকরণ
L পুঁজির সংস্থান
M অনুপ্রেরণামূলক প্রশিক্ষণ
N কর অবকাশ

**২. কত শতাংশ শেয়ারের মালিক হলে একজন নারী "উদ্যোক্তার" স্বীকৃতি পান?**
K ৫১% L ৬২%
M ৭২% N ৮২%

**৩. মূলধন সরবরাহ কোন ধরনের সহায়তা?**
K উদ্দীপনামূলক L সমর্থনমূলক
M সরকারি N সংরক্ষণমূলক

**৪. মাইডাস কী ধরনের প্রতিষ্ঠান?**
K সরকারি L বেসরকারি
M আধাসরকারি N স্বায়ত্তশাসিত

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব জুয়েল মিয়া একটি মাঝারি মানের শিল্প স্থাপনের জন্য বাংলাদেশ শিল্প ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণের আবেদন করেন। ব্যাংক তাকে ঋণ দেওয়াসহ শিল্প প্রতিষ্ঠানের নিবন্ধন, মেশিনারি নির্বাচন এবং ব্যবস্থাপনা সম্পর্কে যাবতীয় পরামর্শ দিল। কিছু রাজস্ব সুবিধা প্রাপ্তির বিষয় জানিয়ে তাকে অনুন্নত এলাকায় শিল্প স্থাপনে উৎসাহিত করল।

**৫. জনাব জুয়েল মিয়াকে প্রদত্ত শিল্প ব্যাংকের সহায়তাসমূহকে তুমি কী ধরনের সহায়তা হিসেবে গণ্য করবে?**
K উদ্দীপনামূলক L সমর্থনমূলক
M সংরক্ষণমূলক N উদ্দেশ্যমূলক

**৬. অনুন্নত এলাকায় শিল্প স্থাপনে জনাব জুয়েল মিয়া কী ধরনের রাজস্ব সুবিধা পাবে?**
i. বর্ধিত হারে অবচয় ধার্য
ii. বিনিয়োগ ভাতা
iii. সুদ মওকুফ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. প্রশিক্ষণ দেওয়া কোন ধরনের সহায়তা?**
K উদ্দীপনামূলক L সমর্থনমূলক
M সংরক্ষণমূলক N আর্থিক

**৮. বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৭২ L ১৯৭৩
M ১৯৭৪ N ১৯৭৫

**৯. মহিলা অধিদপ্তর প্রশিক্ষণ দিয়ে থাকে—**
i. হস্ত শিল্পে ii. মৌমাছি পালনে
iii. বুনন শিল্পে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. ব্র্যাক কত সালে প্রতিষ্ঠা করা হয়?**
K ১৯৮২ L ১৯৭১
M ১৯৮৫ N ১৯৭২

**১১. জাহেদ রংপুরে ব্যবসায় স্থাপন করে কর অবকাশ সুবিধা পেলেন। কর অবকাশ জাহেদের ব্যবসায়ের জন্য কোন ধরনের সহায়তা?**
K উদ্দীপনামূলক L সমর্থনমূলক
M সংরক্ষণমূলক N প্রণোদনামূলক

**১২. বিটাক কোথায় এর নতুন কেন্দ্র স্থাপনের জন্য কাজ করছে?**
K খুলনা L বগুড়া
M রাজশাহী N সিলেট

**১৩. বর্তমানে বেসিক ব্যাংক কত সালের ব্যাংকিং কোম্পানি আইন অনুযায়ী পরিচালিত হচ্ছে?**
K ১৯১৩ L ১৯৯১
M ১৯৯৩ N ১৯৯৭

**১৪. রিয়াজ চলতি মূলধন সংগ্রহের জন্য রূপালী ব্যাংক থেকে ঋণ নিলেন। তিনি কত দিনের মধ্যে এ ঋণ পরিশোধ করবেন?**
K ৬ মাস L ১ বছর
M ২ বছর N ৫ বছর

**১৫. বাণিজ্যিক ব্যাংকের কাজ হলো—**
i. শিল্পে চলতি মূলধন সরবরাহ
ii. আমদানি-রপ্তানি বাণিজ্যে সহায়তা
iii. ক্ষুদ্র ও কুটির শিল্প উন্নয়নে সহায়তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৬. ব্যবসায়ীদের কর মওকুফ ও বিনা সুদে মূলধন সরবরাহে সহায়তা করে কে?**
K বৈদেশিক কূটনীতিবিদ
L এনজিও
M সরকার
N ভোক্তা

**১৭. ব্যবসায়ের কার্যক্রম পরিচালনা কোন ধরনের সহায়তা?**
K উদ্দীপনামূলক L সমর্থনমূলক
M সংরক্ষণমূলক N গ্রহণমূলক

**১৮. বিসিক কোন মন্ত্রণালয়ের অধীন?**
K বাণিজ্য L শিল্প
M অর্থ N খাদ্য

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।**
কবির হোসেন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা থেকে বাঁশ ও বেতের শিল্প সংক্রান্ত তথ্য সংগ্রহ করলেন। তথ্য বিশ্লেষণের মাধ্যমে তিনি প্রকল্প নিলেন। প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থাটি সরাসরি সহায়তা করতে পারল না।

**১৯. কবির হোসেনের ঋণ প্রাপ্তিতে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা কীভাবে সহায়তা করবে?**
K সুপারিশ করে
L সরাসরি ঋণ দিয়ে
M যন্ত্রপাতি সরবরাহ করে
N কাঁচামাল সরবরাহ করে

**২০. কবির হোসেনকে সহায়তাকারী সংস্থার কাজ হলো —**
i. তথ্য সরবরাহ করা
ii. উদ্যোক্তা চিহ্নিত করা
iii. প্রকল্প নির্বাচন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. বিসিক প্রদত্ত সহায়তা নিচের কোনটি?**
K প্রযুক্তিগত জ্ঞানদান
L উদ্যোক্তা চিহ্নিতকরণ
M আবিষ্কার ও উদ্ভাবন
N শিল্প গবেষণার দিক-নির্দেশনা

**২২. বিডিবিএল-এর এসএমই খাতে সর্বনিম্ন ঋণের হার কত?**
K ৩০% L ৪০%
M ৫০% N ২০%

**২৩. "বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা" কুটির শিল্প স্থাপনে—**
i. পরামর্শ দেয় ii. পৃষ্ঠপোষকতা করে
iii. মূলধন সরবরাহ করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৪. DBBL কত সালে কার্যক্রম শুরু করে?**
K ২০১০ সালের ৩ জানুয়ারি
L ২০১২ সালের ৩ জানুয়ারি
M ২০১৪ সালের ৩ জানুয়ারি
N ২০১৫ সালের ৩ জানুয়ারি

**উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।**
মিসেস মেহেরীন 'নবারুন প্যাকিং ফ্যাক্টরির' মালিক। তিনি একটি কোম্পানির পরিচালনা পর্ষদের সদস্য। তিনি বিডিবিএলের কাছ থেকে ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে আর্থিক সহযোগিতার আশ্বাস পেয়েছেন।

**২৫. নবারুন প্যাকিংয়ের সম্প্রসারণে প্রদত্ত ঋণ কোন ধরনের সহায়তা?**
K সমর্থনমূলক L সংরক্ষণমূলক
M উদ্দীপনামূলক N আর্থিক

**২৬. মিসেস মেহেরীন বিডিবিএল থেকে যেসব সহায়তা পেতে পারেন —**
i. কারিগরি সহায়তা
ii. আর্থিক সহায়তা
iii. শিল্পসংক্রান্ত পরামর্শ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৭. SME-এর পূর্ণরূপ কী?**
K Single and Medium Enterprise
L Semi Medium Enterprise
M Small and Medium Enterprise
N Social Modern Enterprise

**২৮. বিডিবিএল-এর কাজ হলো—**
i. নতুন শিল্প স্থাপনে সহায়তা
ii. যন্ত্রপাতি পরিবর্তন
iii. শিল্প ঋণ দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. বাংলাদেশ তথা পৃথিবীর সর্ববৃহৎ বেসরকারি উন্নয়ন সংস্থা কোনটি?**
K গ্রামীণ ব্যাংক L ব্র্যাক
M প্রশিকা N মাইডাস

**৩০. কোন ব্যাংককে কেন্দ্রীয় ব্যাংক বলে?**
K বাংলাদেশ ব্যাংক L সোনালী
M জনতা N অগ্রণী

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** মিসেস তানিয়া যুব উন্নয়ন অধিদপ্তর থেকে সেলাই এর ওপর প্রশিক্ষণ নেন। তিনি কিছু ঋণ পেয়ে নিজের বাসায় তিনটি মেশিনের সাহায্যে বিভিন্ন ধরনের পোশাক তৈরি শুরু করেন। অল্প সময়ের মধ্যে তিনি ব্যবসায় সফলতা পেয়ে যান। ব্যবসায় সম্প্রসারণের প্রত্যাশায় তিনি একটি বেসরকারি আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করেছেন।

ক. SME-কে কী নামে অভিহিত করা হয়? ১
খ. সহায়ক সেবা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মিসেস তানিয়া যুব উন্নয়ন অধিদপ্তর থেকে কোন ধরনের সহায়তা পেয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. বেসরকারি আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে মিসেস তানিয়া কি ব্যবসায় সম্প্রসারণ করতে পারবেন? মতামত দাও। ৪

**২.▶** সেলিনা হক একটি বুটিক হাউজ স্থাপন করেন। তার স্বপ্ন বাস্তবায়নে তিনি মহিলা অধিদপ্তর ও বান্ধবী মৌসুমীর পরামর্শ ও সহায়তা নেন। তিনি ব্যবসায় স্থাপনের জন্য নিজস্ব তহবিল এবং আত্মীয়স্বজনের কাছ থেকে অর্থ সংগ্রহ করেন। কিন্তু যথেষ্ট মুনাফা অর্জিত না হওয়ায় তিনি প্রতিষ্ঠানটি সম্প্রসারণের চিন্তা করছেন। এ ব্যাপারে ঋণ সহায়তার জন্য একটি বাণিজ্যিক ব্যাংকের সাথে তার আলোচনাও চূড়ান্ত হয়েছে।

ক. BDBL-এর পূর্ণরূপ কী? ১
খ. এমপ্লয়মেন্ট জেনারেটিং মেশিন কী? ব্যাখ্যা করো। ২
গ. সেলিনা হকের বুটিক হাউজ স্থাপনে কীরূপ সহায়তার প্রয়োজন হয়েছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যবসায় সম্প্রসারণে সেলিনা হকের নেওয়া পদক্ষেপ কতটুকু যুক্তিসঙ্গত? মন্তব্য করো। ৪

**৩.▶** জনাব বশির সরকারি সহযোগিতার ব্যাপক প্রচারে উদ্বুদ্ধ হয়ে আশুলিয়ায় একটি ট্যানারি শিল্প স্থাপন করেন। প্রতিষ্ঠানটি নিবন্ধনের পর বাংলাদেশ উন্নয়ন ব্যাংক লিমিটেড (BDBL) থেকে ঋণ পান। একসময় তিনি তার নেওয়া ঋণ ও ঋণের সুদ পরিশোধের সময়সীমা বাড়ানোর চেষ্টা করে ব্যর্থ হন। সম্প্রতি সরকার কর্তৃক ৫ বছরের কর অবকাশ সুবিধা ঘোষণা করায় তিনি তার শিল্পের প্রতি আশাবাদী।

ক. শিল্পনীতি? ১
খ. সমর্থনমূলক ও সংরক্ষণমূলক সহায়তার পার্থক্য কী? ব্যাখ্যা করো। ২
গ. ট্যানারি শিল্প স্থাপনে প্রাপ্ত সুবিধা জনাব বশির কীভাবে কাজে লাগাতে পারবেন? বর্ণনা করো। ৩
ঘ. "কর অবকাশ সুবিধা শিল্প সম্প্রসারণে সহায়ক"— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**৪.▶** মি. হারুন বিসিক এলাকায় একটি ঢালাই কারখানা স্থাপনের চিন্তা করেছেন। তিনি প্রতিষ্ঠানটি নিবন্ধন করতে চাচ্ছেন। ঢালাই কারখানার জন্য উন্নতমানের মেশিন নির্বাচন করলেন এবং অর্থ কোন উৎস থেকে আসবে এসব বিষয়ে তিনি সহায়তা আশা করছেন।

ক. BSCIC-এর পূর্ণরূপ কী? ১
খ. উদ্দীপনামূলক সহায়তা বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মি. হারুন কত বছর কর অবকাশ পাবেন? বর্ণনা করো। ৩
ঘ. মি. হারুনের কারখানা স্থাপনের উপযুক্ত সহায়তা প্রয়োজন— বিশ্লেষণ করো। ৪

**৫.▶** জনাব সাগর যুব উন্নয়ন কেন্দ্র থেকে মৌমাছি চাষ বিষয়ে বিশেষ প্রশিক্ষণ নেন। এখন তিনি নিজে একটি মৌমাছি চাষের খামার স্থাপনের চিন্তাভাবনা করছেন। কিন্তু ঝুঁকির কথা চিন্তা করে এগুতে পারছিলেন না। পরবর্তীতে তিনি তার এক বন্ধুর কাছ থেকে আর্থিক সহায়তা পেয়ে 'মৌ নীড়' নামে একটি খামার স্থাপন করেন।

ক. বাংলাদেশের প্রধান বাণিজ্যিক ব্যাংক কোনটি? ১
খ. এনজিও কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সাগর প্রথমে কোন সহায়তা পেয়ে মৌমাছি চাষে উদ্বুদ্ধ হয়েছিলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব সাগরের 'মৌ নীড়' স্থাপনে বন্ধুর ভূমিকা মূল্যায়ন করো। ৪

**৬.▶** যুব উন্নয়ন অধিদপ্তর যুবকদের প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নেওয়ার মাধ্যমে শিক্ষিত ও স্বল্প শিক্ষিত যুবকেরা বিভিন্ন কাজ করার ফলে স্বাবলম্বী হয়ে ওঠে। এসব কাজের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর সহজ শর্তে ঋণ দিয়ে থাকে।

ক. প্রকৃতি অনুযায়ী সহায়তাকে কয়ভাগে ভাগ করা যায়? ১
খ. বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ পাওয়ার জন্য উদ্যোক্তার কীরূপ যোগ্যতা প্রয়োজন? ২
গ. উদ্দীপকের আলোকে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণের ভূমিকা আলোচনা করো। ৩
ঘ. "যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবকদের কর্মসংস্থানের মাধ্যম"— উদ্দীপকের আলোকে কথাটি বিশ্লেষণ করো। ৪

**৭.▶** বাবুল ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিবিএ পাস করে অন্যদের মতো চাকরির পেছনে না ছুটে স্থানীয় রাস্তার মোড়ে একটি ফুলের দোকান স্থাপনের মাধ্যমে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে সচেষ্ট হলেন। পরবর্তীতে ব্যবসায়ের আয়তন বাড়ানোর প্রয়োজনীয়তা দেখা দিলে তিনি বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক থেকে ঋণ নিয়ে পুঁজির সংস্থান করলেন। তাই ব্যবসায় উদ্যোগ উন্নয়নে এ ধরনের সহায়তা খুব বেশি প্রয়োজন বলেই তিনি মনে করেন।

ক. MIDAS-এর পূর্ণরূপ কী? ১
খ. বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড-এর ২টি প্রধান কার্য লেখো। ২
গ. বাবুলের ঋণ নেওয়া কোন ধরনের সহায়তার অন্তর্গত? বর্ণনা করো। ৩
ঘ. ঋণ সহায়তা ছাড়া কি বাবুলের ব্যবসায় উদ্যোগ উন্নয়ন সম্ভব? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৮.▶** জনাব শফি একজন শিল্প উদ্যোক্তা। তিনি তার চালু শিল্পে প্রকল্পের আধুনিকীকরণ ও যন্ত্রপাতি পরিবর্তন করতে মনস্থির করেছেন। উক্ত কাজ বাস্তবায়ন করতে গেলে তিনি আর্থিক সংকটের মুখোমুখি হন। তাই তিনি ঋণ নেওয়ার জন্য একটি সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের শরণাপন্ন হয়। উক্ত ব্যাংকটি ২০১০ সালে থেকে নতুন করে কার্যক্রম শুরু করে।

ক. কর অবকাশ কী? ১
খ. প্রশিকার কার্যক্রম ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে শফি কোন প্রতিষ্ঠানের শরণাপন্ন হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠান নারী উদ্যোক্তাদের কীভাবে সাহায্য-সহযোগিতা করে তা আলোচনা করো। ৪

**৯.▶** মিসেস সুমি আর্থিক সচ্ছলতা আনয়নের লক্ষ্যে সরকারি মহিলা অধিদপ্তর ও সহায়ক প্রতিষ্ঠান থেকে এমব্রয়ডারি ও টেইলারিংয়ের ওপর প্রশিক্ষণ ও বিনা সুদে ঋণ নিয়ে কাজ শুরু করেন। শুরু থেকে কঠোর পরিশ্রম, গুণগত মান ও ব্যাপক প্রচারের বদৌলতে ব্যাপক সাড়া পান। বর্তমানে তার সুনাম চারদিকে ছড়িয়ে পড়েছে।

ক. ভর্তুকি প্রদান কী? ১
খ. শিল্প স্থাপন একটি গঠনমূলক কাজ হলেও সহজে কেউ আসতে চায় না? ব্যাখ্যা করো। ২
গ. মিসেস সুমির এ কাজে মহিলা অধিদপ্তরের ভূমিকা বর্ণনা করো। ৩
ঘ. মিসেস সুমির মতো উদ্যোক্তা তৈরি সরকারি প্রতিষ্ঠানের অবদান অনস্বীকার্য-উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**১০.▶** 'নতুন ব্যবসায় স্থাপনের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষণা প্রথম পাঁচ বছর নতুন প্রতিষ্ঠান করের আওতামুক্ত থাকবে। এ আশ্বাসের ভিত্তিতে জনাব সাগর একটি নতুন ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন। প্রতিষ্ঠার প্রথম বছর থেকে সাগর ব্যবসায়ে প্রত্যাশা অনুযায়ী মুনাফা করতে না পারলেও পরবর্তীতে বন্ধুর সহায়তায় ব্যবসায়ের আকার সম্প্রসারণ করে প্রত্যাশার থেকেও বেশি মুনাফা করতে সক্ষম হয়েছেন।

ক. 'পরামর্শ দান' কোন সহায়তার অন্তর্ভুক্ত? ১
খ. ব্র্যাকের 'উৎপাদন কেন্দ্র উন্নয়ন' কার্যক্রমটি ব্যাখ্যা করো। ২
গ. জনাব সাগরের ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপনের ক্ষেত্রে কোন সহায়তাটি ভূমিকা রেখেছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. কোন সহায়তাটির কারণে জনাব সাগর প্রত্যাশার থেকেও বেশি মুনাফা করতে সক্ষম হয়েছেন? তোমার মতামত ব্যক্ত করো। ৪

**১১.▶** মি. মলয় চাকমা কোয়েল পাখি পালনের মাধ্যমে সফল হওয়ার চেষ্টা করছেন। তিনি মনে করেন শুধু শখের জন্য নয়, আমিষের চাহিদা পূরণের জন্যও কোয়েল পাখির বেশ ভালো চাহিদা রয়েছে। তিনি এর পাশাপাশি কবুতরও পালন করতে চান, যার চাহিদা শৌখিন মানুষের কাছে ব্যাপক। আর এজন্য এগিয়ে এলো একটি সরকারি প্রতিষ্ঠান।

ক. বেসিক ব্যাংক কত সালে নিবন্ধিত হয়? ১
খ. বিসিক কী? ব্যাখ্যা করো। ২
গ. মি. মলয় চাকমাকে কোন ধরনের সহায়তা করা হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. মি. মলয় চাকমার মতো লোক বাংলাদেশের অর্থনীতির জন্য গুরুত্ব বহন করে কি? যৌক্তিক মতামত দাও। ৪

## উত্তরমালা: নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | L | ৪ | L | ৫ | L | ৬ | K | ৭ | K | ৮ | L | ৯ | L | ১০ | N | ১১ | L | ১২ | L | ১৩ | L | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | L | ১৯ | K | ২০ | N | ২১ | L | ২২ | L | ২৩ | K | ২৪ | K | ২৫ | L | ২৬ | K | ২৭ | M | ২৮ | L | ২৯ | L | ৩০ | K |